



নং- ধর্ম/হ:শা:/৫-৫৭/২০১২-০৪

তারিখ: ২৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় ওমরাহ পরিচালনাকারী কেয়া এন্টারপ্রাইজ ট্রাভেল এন্ড টুরস (ওমরাহ লা: নং-৩০৯), ফিনলে হাউস (গ্রাউন্ড ফ্লোর), ১১, আগ্রাবাদ সি/এ, চট্টগ্রাম এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

০২। যেহেতু, আপনি যথাযথভাবে ওমরাহ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি মোতাবেক অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু, আপনার এজেন্সির ০১ (এক) জন ওমরাহযাত্রী জনাব মোহাম্মদ জালাল উদ্দিন (পাসপোর্ট নং-বিএক্স ০৪৪৫৭৬৮) গত ০৭.১১.২০১৯ খ্রি. তারিখে ওমরাহ পালন করার জন্য সৌদি আরব গমন করে বাংলাদেশে ফেরত আসে নাই; এবং

০৪। যেহেতু, উক্ত বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় গত ০৪.১০.২০২০ খ্রি. তারিখে ধবিম/হ:শা:/৪-৫৭/২০১২-৩৫০ নং স্মারক মূলে আপনার মালিকানাধীন এজেন্সিকে কেন দীর্ঘদিন পর মন্ত্রণালয়কে অবহিত করা হয় তার ব্যাখ্যা প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়; এবং

০৫। যেহেতু, আপনি গত ০৭.১০.২০২০ খ্রি. তারিখে ব্যাখ্যা প্রদান করেছেন; এবং


০৬। যেহেতু, ব্যাখ্যা প্রদানের পরিপ্রেক্ষিতে আপনার এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগটি তদন্ত কর্মকর্তা কর্তৃক তদন্ত কার্য সম্পাদন করেছেন এবং তদন্ত প্রতিবেদনে শাস্তির সুপারিশ করেছেন; এবং

০৭। যেহেতু, উল্লিখিত কারণে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২২.২.৪ এবং ২৪.১ (ছ) এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান রয়েছে;

০৮। সেহেতু, তদন্ত প্রতিবেদনের সুপারিশ মোতাবেক জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ (চ) অনুযায়ী আপনার পরিচালিত কেয়া এন্টারপ্রাইজ ট্রাভেল এন্ড টুরস (ওমরাহ লা: নং-৩০৯)-কে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা করা হলো।

০৯। জরিমানাকৃত অর্থ অনতিবিলম্বে ট্রেজারি চালানের মাধ্যমে কোড নং-১-৩৫০১-০০০১-১৯০১ এ জমাদানপূর্বক চালানের মূল কপি এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য বলা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


মোঃ আমিনুর রহমান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৪৩২২

e-mail:morahajsection@gmail.com

তারিখ: ১০.০১.২০২১ খ্রি.

নং- ধর্ম/হ:শা:/৫-৫৭/২০১২-০৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৪. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা।
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)

৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. জনাব মোঃ শাহজাহান, স্বত্বাধিকারী, কেয়া এন্টারপ্রাইজ ট্রাভেল এন্ড টুরস (ওমরাহ লা: নং-৩০৯), ফিনলে হাউস (গ্রাউন্ড ফ্লোর), ১১, আগ্রাবাদ সি/এ, চট্টগ্রাম।
১৩. অফিস কপি।